# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২৫

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৯৭: ভ্রমণে মোজার উপর মাসাহ করা প্রসঙ্গ

## بَاب الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ فِي السَّفَرِ

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ، قال: حَدَّثَنَا سُفْيَانُ، قال: سَمِعْتُ إِسْمَاعِيلَ بْنَ مُحَمَّدِ بْنِ سَعْدٍ، قال: سَمِعْتُ حَمْزَةَ بْنَ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ يُحَدِّثُ، عَنْ أَبِيهِ، قال: كُنْتُ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي سَفَرٍ، فَقَالَ: تَخَلَّفْ يَا مُغِيرَةُ وَامْضُوا أَيُّهَا النَّاسُ، فَتَخَلَّفْتُ وَمَعِي إِدَاوَةٌ مِنْ مَاءٍ وَمَضَى النَّاسُ، فَذَهَبَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِحَاجَتِهِ، فَلَمَّا رَجَعَ ذَهَبْتُ أَصُبُّ عَلَيْهِ وَعَلَيْهِ جُبَّةٌ رُومِيَّةٌ ضَيِّقَةُ الْكُمَّيْنِ، فَأَرَادَ أَنْ يُخْرِجَ يَدَهُ مِنْهَا فَضَاقَتْ عَلَيْهِ فَأَخْرَجَ يَدَهُ مِنْ تَحْتِ الْجُبَّةِ فَغَسَلَ وَجْهَهُ وَيَدَيْهِ وَمَسَحَ بِرَأْسِهِ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ . أخبرنا إسحاق بن إبراهيم حدثنا وكيع أنبأنا سفيان عن أبي قيس عن هزيل بن شرحبيل عن المغيرة بن شعبة أن رسول الله صلى الله عليه وسلم مسح على الجوربين والنعلين . قال أبو عبد الرحمن ما نعلم أحدا تابع أبا قيس على هذه الرواية والصحيح عن المغيرة أن النبي صلى الله عليه وسلم مسح على الخفين .

تخريج دارالدعوه: (تحفة الأشراف: ۱۱۴۹۵) (صحیح الإسناد) (یہ حدیث مکرر ہے، ملاحظہ ہو: ۱۰۸) تخريج دارالدعوه: سنن ابی داود/الطهارة ٦١ (١٥٩)، سنن الترمذی/فیہ ۷۴ (۹۹)، سنن ابن ماجہ/فیہ ۸۸ (۵۵۹)، (تحفة الأشراف: ۱۱۵۳۴) مسند احمد ۴/۲۵۲ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 125 - صحيح الإسناد

বাংলা

১২৫. মুহাম্মাদ ইবনু মানসূর (রহ.) ..... হামযাহ্ ইবনু মুগীরাহ্ (রহ.) সূত্রে তার পিতা মুগীরাহ্ ইবনু শুবাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি এক সফরে নবী (সা.) -এর সাথে ছিলাম। তিনি আমাকে বলেন, হে মুগীরাহ্! তুমি পেছনে থাক এবং (লোকেদের বললেন,) হে লোক সকল! তোমরা চলতে থাক। আমি পেছনে থাকলাম, আমার সাথে পানির একটি পাত্র ছিল। লোকেরা চলে গেলেন। তারপর রাসূলুল্লাহ (সা.) পায়খানা-প্রস্রাবের প্রয়োজনে যান। তিনি যখন ফিরে আসেন তখন আমি তাকে (উযূর জন্য) পানি ঢেলে দিতে থাকি। তার পরনে অপ্রশস্ত হাতাওয়ালা একটি রুমী জুব্বা ছিল। তিনি তাঁর হাত বের করতে চাইলেন, কিন্তু জামার হাতা অপ্রশস্ত হওয়ার কারণে পারলেন না। ফলে জুব্বার নীচের দিক দিয়ে হাত বের করেন। তারপর মুখমণ্ডল ও হাত ধৌত করেন এবং মাথা ও মোজার উপর মাসাহ করেন।

---

১২৫/ক. ইসহাক ইবনু ইব্রাহীম (রহ.) ..... মুগীরাহ্ ইবনু শুবাহ্ (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) জওরাবাহ (সূতী মোজা) এবং জুতার উপর মাসাহ করেছেন। আবূ 'আবদুর রহমান বলেন, এ বর্ণনাতে কেউ আবূ কয়স-এর অনুসরণ করেছেন বলে আমাদের জানা নেই। মুগীরাহ্ (রা) হতে সঠিক বর্ণনা এই যে, নবী (সা.) মোজার উপর মাসাহ করেছেন।

১২৫/ক সহীহ: ইবনু মাজাহ ৫৫৯, ইরওয়াউল গালীল ১০১

## English

97. Wiping Over The Khuff When Traveling

Hamzah bin Al-Mughirah bin Shu'bah (narrated) that his father said: I was with the Prophet (ﷺ) on a journey, and he said: 'Stay back O Mughirah! Go ahead, O people!' So I went back, and I had with me a vessel of water. The people went ahead, and there the Messenger of Allah (ﷺ) relieved himself. when he came back I went and poured water for him. He was wearing a Roman Jubbah with narrow sleeves, and he wanted to expose his hands (to wash them) but the sleeves were too tight, so he brought his hands out from beneath the Jubbah and washed his head, and wiped over his Khuffs.

### ফুটনোট

সহীহ: মুসলিম ২৭৪, মুসনাদে হুমায়দী ৭৫৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু’বা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86396

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন